# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৬৬

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মুসলিম ব্যক্তি কর্তৃক বিক্রির জন্য মদ যিম্মির কাছে অর্পন করা নিষিদ্ধ।

## باب مَا جَاءَ فِي النَّهْىِ لِلْمُسْلِمِ أَنْ يَدْفَعَ إِلَى الذِّمِّيِّ الْخَمْرَ يَبِيعُهَا لَهُ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ، أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ مُجَالِدٍ، عَنْ أَبِي الْوَدَّاكِ، عَنْ أَبِي سَعِيدٍ، قَالَ كَانَ عِنْدَنَا خَمْرٌ لِيَتِيمٍ فَلَمَّا نَزَلَتِ الْمَائِدَةُ سَأَلْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَنْهُ وَقُلْتُ إِنَّهُ لِيَتِيمٍ . فَقَالَ " أَهْرِيقُوهُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي سَعِيدٍ حَدِيثٌ حَسَنٌ وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوُ هَذَا . وَقَالَ بِهَذَا بَعْضُ أَهْلِ الْعِلْمِ وَكَرِهُوا أَنْ تُتَّخَذَ الْخَمْرُ خَلاًّ وَإِنَّمَا كُرِهَ مِنْ ذَلِكَ وَاللَّهُ أَعْلَمُ أَنْ يَكُونَ الْمُسْلِمُ فِي بَيْتِهِ خَمْرٌ حَتَّى يَصِيرَ خَلاًّ . وَرَخَّصَ بَعْضُهُمْ فِي خَلِّ الْخَمْرِ إِذَا وُجِدَ قَدْ صَارَ خَلاًّ . أَبُو الْوَدَّاكِ اسْمُهُ جَبْرُ بْنُ نَوْفٍ .

বাংলা

১২৬৬. আলী ইবনু খাশরাম (রহঃ) ..... আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, আমাদের কাছে জনৈক ইয়াতীমের কিছু মদ ছিল। সূরা মাইদার (মদ নিষিদ্ধ হওয়া সম্পর্কিত) আয়াত নাযিল হলে এ বিষয়ে আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করলাম। বললাম, এ মদ হলো জনৈক ইয়াতীমের সম্পদ। তিনি বললেন, তা ঢেলে ফেলে দাও। - মিশকাত - তাহকিক ছানী ৩৬৪৮, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৬৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস রয়েছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। একাধিক সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণিত আছে।

কোন কোন আলিম এ হাদীস অনুসারে মত পোষণ করেছেন। তাঁরা মদকে সিরকায় পরিণত করা না জায়িয বলে মত প্রকাশ করেছেন। এ যে কোন মুসলিমের ঘরে মদ থাকা অবস্থায় সিরকায় পরিণত হয়ে যাওয়াটাও না-জায়িয বলে মনে করেছেন। কতক আলিম মদ যদি সিরকারূপে রূপান্তরিত হয়ে যায়, তবে এই মদের সিরকাকে জায়িয

মনে করেছেন।

## English

Narrated Abu Al-Waddak:

That Abu Sa'eed said: "We had some wine that belonged to an orphan. When Al-Ma'idah was revealed I asked the Messenger of Allah (ﷺ) about it, I said: 'It belongs to an orphan.' He said: 'Spill it out.'"

[He said:] There is something on this topic from Anas bin Malik.

[Abu 'Eisa said:] The Hadith of Abu Sa'eed is a Hasan [Sahih] Hadith. Similar to this has been reported through other routes from the Prophet (ﷺ). Some of the people of knowledge stated according to this, they dislike the usage of wine for making vinegar. And the only thing that they disliked about it, and Allah knows best, is for a Muslim to have wine in his house until it becomes vinegar. Abu Al-Waddak's name is Jabr bin Nawf.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21642

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন